

স্মারক নম্বর-০৫.৪১.৯৩০০.০১২.১১.২৮০.২৫- ৬৫৮

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১  
১২ মার্চ ২০২৫

### বালুমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি


এতদ্বারা টাঙ্গাইল জেলার মির্জাপুর ও বাসাইল উপজেলার ইজারায়োগ্য বালুমহালসমূহ (যেখানে যে অবস্থায় আছে) ১৪৩২ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র (১৪ এপ্রিল ২০২৫ হতে ১৩ এপ্রিল ২০২৬) পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা গ্রহণে আগ্রহী তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী আবেদন ফরম অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর রাজস্ব শাখা (এস.এ) হতে সংগ্রহ করা যাবে। বালুমহালসমূহের তফসিলসহ বিস্তারিত বিবরণ ও দরপত্রের শর্তাবলী অফিস চলাকালীন অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড, টাঙ্গাইল জেলার তথ্য বাতায়ন ([dctangail@mopa.gov.bd](mailto:dctangail@mopa.gov.bd)) ও রাজস্ব শাখা হতে পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়, স্থানীয় পৌরসভা, ইউনিয়ন পরিষদ, এবং পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল এর নোটিশ বোর্ড হতেও জানা যাবে। নির্ধারিত তারিখে দরপত্র দাখিলের সময় সকাল ৯:০০ টা হতে বেলা ১:০০ টা পর্যন্ত। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল এর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাঞ্ছা দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র দাখিলের দিন বিকাল ৩:০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) জেলা প্রশাসক, টাঙ্গাইল এর সম্মেলন কক্ষে দরপত্র বাঞ্ছা খোলা হবে।

দরপত্রের মূল্য এবং দরপত্র দাখিলের তারিখ :

ক্র: নং	মহালের প্রকার	প্রতিসেট দরপত্র ফরমের মূল্য (টাকা)	১ম পর্যায় দরপত্র দাখিলের তারিখ	২য় পর্যায় দরপত্র দাখিলের তারিখ	৩য় পর্যায় দরপত্র দাখিলের তারিখ	মন্তব্য
০১.	বালুমহাল	১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)	০৩-০৪-২০২৫ খ্রি.	০৭-০৪-২০২৫ খ্রি.	১১-০৪-২০২৫ খ্রি.	রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল এর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাঞ্ছা দরপত্র গ্রহণ করা হবে।

তফসিল (ইজারায়োগ্য বালুমহালের তালিকা) :

ক্র: নং	উপজেলার নাম	বালুমহালের নাম	সম্ভাব্য বালুর পরিমাণ (ঘনফুট)	সরকারি সম্ভাব্য মূল্য
০১.	মির্জাপুর	ফতেপুর খলপাড়া	১২,০০,০০০ (বারো লক্ষ)	১,০৮,০০,০০০/- (এক কোটি আট লক্ষ) টাকা
০২.		যোগীরকোফা কদিন রশিদ দেওহাটা	৭,০০,০০০ (সাত লক্ষ)	৫৬,০০,০০০/- (ছোপান্ন লক্ষ) টাকা
০৩.		চাকলেস্বর গোড়াইল গাড়াইল	৯,০০,০০০ (নয় লক্ষ)	৭২,০০,০০০/- (বাহাণ্ডর লক্ষ) টাকা
০৪.		গোড়াই মমিননগর	১৫,০০,০০০ (পনের লক্ষ)	১,২০,০০,০০০/- (এক কোটি বিশ লক্ষ) টাকা
০৫.	বাসাইল	ভৈরপাড়া	৫৩,২৬,৫৬৮.৪৬ (ত্ৰিপান্ন লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত আটষট্টি দশমিক চার ছয়)	৪,২৬,১২,৫৪৮/- (চার কোটি ছাব্বিশ লক্ষ বারো হাজার পাঁচশত আটচল্লিশ) টাকা

  
২২/০৩/২৫

শ্রীয়া হক

জেলা প্রশাসক

টাঙ্গাইল

ফোন : ০২৯৯৭৭১৪৯০২

[dctangail@mopa.gov.bd](mailto:dctangail@mopa.gov.bd)

স্মারক নম্বর-০৫.৪১.৯৩০০.০১২.১১.২৮০.২৫- ৬৫৬(২৫০)

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩১  
২১ মার্চ ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৩. পুলিশ সুপার, টাঙ্গাইল
০৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল
০৫. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, টাঙ্গাইল
০৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, টাঙ্গাইল
০৭. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল
০৮. উপজেলা নির্বাহী অফিসার, ....., টাঙ্গাইল (সকল)। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৯. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, টাঙ্গাইল
১০. উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, টাঙ্গাইল
১১. সহকারী কমিশনার (ভূমি), ....., টাঙ্গাইল (সকল)। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১২. অফিসার-ইন-চার্জ, ....., থানা, টাঙ্গাইল (সকল)
১৩. বন্দর নিয়ন্ত্রক কর্মকর্তা, বাঘাবাড়ি, নদী বন্দর, সিরাজগঞ্জ
১৪. অফিস কপি

  
২১/০৩/২৫  
জেলা প্রশাসক  
টাঙ্গাইল